Traxef

Ceftriaxone USP

Composition

Traxef 250 mg IM Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 250 mg.

Traxef 250 mg IV Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 250 mg.

Traxef 500 mg IM Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 500 mg.

Traxef 500 mg IV Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 500 mg.

Traxef 1 gm IM Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 1 gm.

Traxef 1 gm IV Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 1 gm.

Traxef 2 gm IV Injection: Each vial contains Ceftriaxone Sodium USP equivalent to Ceftriaxone 2 gm.

Pharmacology

Ceftriaxone is a sterile, semisynthetic, broad-spectrum, 3rd generation cephalosporin antibiotic for intravenous or intramuscular administration. The bactericidal activity of Ceftriaxone results from inhibition of cell wall synthesis. Ceftriaxone has a high degree of stability in the presence of beta-lactamases both penicillinases and cephalosporinases of gram-negative and gram- positive bacteria.

Indications

Ceftriaxone is indicated for the treatment of the following infections when caused by susceptible organisms:

- Lower Respiratory Tract Infections caused by ***Streptococcus pneumoniae, Staphylococcus aureus, Haemophilus influenzae, Haemophilus parainfluenzae, Klebsiella pneumoniae, E. coli, Enterobacter aerogenes, Proteus mirabilis, Serratia marcescens***.
- Acute Bacterial Otitis Media caused by ***Streptococcus pneumoniae, Haemophilus influenzae*** (including beta-lactamase producing strains), ***Moraxella catarrhalis*** (including beta-lactamase producing strains).
- Skin and Skin Structure Infections caused by ***Staphylococcus aureus, Staphylococcus epidermidis, Streptococcus pyogenes, Viridans group streptococci, E. coli, Enterobacter cloacae, Klebsiella oxytoca, Klebsiella pneumoniae, Proteus mirabilis, Morganella morganii, Pseudomonas aeruginosa, Serratia marcescens, Acinetobacter calcoaceticus, Bacteroides fragilis, Peptostreptococcus species***.
- Urinary Tract Infections (complicated and uncomplicated) caused by ***E. coli, Proteus mirabilis, Proteus vulgaris, Morganella morganii, Klebsiella pneumoniae***.
- Uncomplicated Gonorrhea (cervical, urethral, pharyngial and rectal) caused by ***Neisseria gonorrhoeae***, including both penicillinase- and nonpenicillinase-producing strains, and pharyngeal gonorrhea caused by nonpenicillinase-producing strains of ***Neisseria gonorrhoeae***.
- Pelvic Inflammatory Disease caused by ***Neisseria gonorrhoeae***.
- Bacterial Septicemia caused by ***Staphylococcus aureus, Streptococcus pneumoniae, E. coli, Haemophilus influenzae, Klebsiella pneumoniae***.
- Bone and Joint Infections caused by ***Staphylococcus aureus, Streptococcus pneumoniae, E. coli, Proteus mirabilis, Klebsiella pneumoniae, Enterobacter species***.
- Intra-abdominal Infections caused by ***E. coli, Klebsiella pneumoniae, Bacteroides fragilis, Clostridium species, Peptostreptococcus species***.
- Meningitis caused by ***Haemophilus influenzae, Neisseria meningitidis, Streptococcus pneumoniae***. Ceftriaxone has also been used successfully in a limited number of cases of meningitis & shunt infection caused by ***Staphylococcus epidermidis & E. coli***.
- Surgical Prophylaxis: The preoperative administration of a single 1 gm dose of Ceftriaxone may reduce the incidence of postoperative infections in patients undergoing surgical procedures classified as contaminated or potentially contaminated.

Dosage and Administration

To continue the administration of Ceftriaxone the tolerability of 1st dose must be monitored & Ceftriaxone IV injection should be administered slowly for 2 to 4 minutes.

Traxef may be administered intravenously or intramuscularly.

Adults: The usual adult daily dose is 1 to 2 gm given once a day (or in equally divided doses twice a day) depending on the type and severity of infection. The total daily dose should not exceed 4 gm.

For the treatment of uncomplicated gonococcal infections, a single intramuscular dose of 250 mg is recommended.

For preoperative use (surgical prophylaxis), a single dose of 1 gram administered intravenously $^{1}/_{2}$ to 2 hours before surgery is recommended.

Pediatric Patients: For the treatment of skin and skin structure infections, the recommended total daily dose is 50 to 75 mg/kg given once a day (or in equally divided doses twice a day). The total daily dose should not exceed 2 gm.

For the treatment of acute bacterial otitis media, a single intramuscular dose of 50 mg/kg (not to exceed 1 gm) is recommended.

For the treatment of serious miscellaneous infections other than meningitis, the recommended total daily dose is 50 to 75 mg/kg, given in divided doses every 12 hours. The total daily dose should not exceed 2 gm.

In the treatment of meningitis, it is recommended that the initial therapeutic dose be 100 mg/kg (not to exceed 4 gm). Thereafter, a total daily dose of 100 mg/kg/day (not to exceed 4 gm daily) is recommended. The daily dose may be administered once a day (or in equally divided doses every 12 hours). The usual duration of therapy is 7 to 14 days.

Generally, Traxef (Ceftriaxone) therapy should be continued for at least 2 days after the signs and symptoms of infection have disappeared. The usual duration of therapy is 4 to 14 days; in complicated infections, longer therapy may be required.

When treating infections caused by ***Streptococcus pyogenes***, therapy should be continued for at least 10 days.

No dosage adjustment is necessary for patients with impairment of renal or hepatic function; however, blood levels should be monitored in patients with severe renal impairment (eg, dialysis patients) and in patients with both renal and hepatic dysfunctions.

Preparation of Solution:

Traxef 250 mg IM Injection: Add 2 ml of Lidocaine Hydrochloride BP 1% Injection to 250 mg vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 250 mg IV Injection: Add 5 ml of water for injection to Traxef 250 mg vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 500 mg IM Injection: Add 2 ml of Lidocaine Hydrochloride BP 1% Injection to 500 mg vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 500 mg IV Injection: Add 5 ml of water for injection to Traxef 500 mg vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 1 gm IM Injection: Add 3.5 ml of Lidocaine Hydrochloride BP 1% Injection to 1 gm vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 1 gm IV Injection: Add 10 ml of water for injection to Traxef 1 gm vial and shake the vial well until the powder is dissolved properly.

Traxef 2 gm IV Injection: Add 20 ml of water for injection to Traxef 2 gm vial and shake the vial well until the powder is dissolved properly.

Contraindications

Traxef is contraindicated in patients with known allergy to Ceftriaxone, other cephalosporins or penicillins.

Warninig and Precautions

Ceftriaxone should be administered with caution to individuals with a history of gastrointestinal disease, particularly colitis.

Side Effects

Generally Ceftriaxone is well tolerated. However, few side effects including nausea, vomiting, diarrhea, dizziness, convulsion and fever may occur.

Use in Pregnancy & Lactation

Pregnancy: Pregnancy Category B. Reproductive studies have been performed in mice and rats at doses up to 20 times the usual human dose and have no evidence of embryotoxicity, fetotoxicity or teratogenicity.

Lactation: Ceftriaxone is excreted in breast milk at low concentrations. Therefore, caution should be exercised when Ceftriaxone is administered to a nursing mother.

Overdosage

There is no specific antidote. Treatment of overdosage should be symptomatic.

Storage

Store in a cool & dry place, away from light. Keep out of the reach of children.

Direction for reconstitution of powder

Use the solution immediately after reconstitution of powder. The reconstituted solution should be used within 6 hours if kept in room temperature or within 24 hours if refrigerated below 5°C temperature. Otherwise, the solution color will be changed from yellow to reddish color.

Packaging

Traxef 250 mg IM Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 250 mg IM Injection, 1 ampoule of 2 ml Lidocaine Hydrochloride BP 1% Injection and 1 accessories pouch pack contains one 5 ml disposable syringe, 1 baby needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 250 mg IV Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 250 mg IV Injection, 1 ampoule of 5 ml water for injection and 1 accessories pouch pack contains one 5 ml disposable syringe, 1 baby needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 500 mg IM Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 500 mg IM Injection, 1 ampoule of 2 ml Lidocaine Hydrochloride BP 1% Injection and 1 accessories pouch pack contains one 5 ml disposable syringe, 1 baby needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 500 mg IV Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 500 mg IV Injection, 1 ampoule of 5 ml water for injection and 1 accessories pouch pack contains one 5 ml disposable syringe, 1 baby needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 1 gm IM Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 1gm IM Injection, 1 ampoule of 3.5 ml Lidocaine Hydrochloride BP 1% Injection and 1 accessories pouch pack contains one 5 ml disposable syringe, 1 baby needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 1 gm IV Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 1 gm IV Injection, 1 ampoule of 10 ml water for injection and 1 accessories pouch pack contains one 10 ml disposable syringe, 1 butterfly needle, 1 alcohol pad and 1 first aid band.

Traxef 2 gm IV Injection: Each combipack contains 1 vial of Ceftriaxone 2 gm IV Injection, 2 ampoules of 10 ml water for injection and 1 accessories pouch pack contains one 20 ml disposable syringe, 1 butterfly needle, 1 alcohol pad and 1 first aid band.

Manufactured by
BEACON®
CEPHALOSPORIN LIMITED
Bhaluka, Mymensingh, Bangladesh

1300002573

ট্রাক্সেফ

সেফট্রিয়াক্সোন ইউএসপি

উপাদান

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ২৫০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ২৫০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ৫০০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা. ৫০০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ১ গ্রাম আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ১ গ্রাম সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ১ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ১ গ্রাম সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ট্রাক্সেফ ২ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি ভায়ালে আছে সেফট্রিয়াক্সোন সোডিয়াম ইউএসপি যা ২ গ্রাম সেফট্রিয়াক্সোন এর সমতুল্য।

ফার্মাকোলজী

সেফট্রিয়াক্সোন হলো শিরাপথে বা মাংশপেশীতে ব্যবহারের জন্য একটি জীবাণুনাশক, আধাকৃত্রিম, তৃতীয় প্রজন্মের সেফালোসপোরিন এন্টিবায়োটিক। সেফট্রিয়াক্সোন ব্যাকটেরিয়ার কোষ আবরণী সংশ্লেষন প্রক্রিয়ায় বাধাদানের মাধ্যমে ব্যাকটেরিয়াকে ধ্বংস করে। সেফট্রিয়াক্সোন অধিকাংশ বিটাল্যাকটামেজ এনজাইমের উপস্থিতিতে (যেমন গ্রাম পজিটিভ ও গ্রাম নেগেটিভ ব্যাকটেরিয়ার পেনিসিলিনেজ ও সেফালোসপোরিনেজ এনজাইম) অধিক স্থায়ীভাবে কার্যকরী।

নির্দেশনা

- **সেফট্রিয়াক্সোন সাধারণত নিম্নলিখিত অনুজীবের বিরুদ্ধে সংক্রমনের ক্ষেত্রে কার্যকরীঃ** *স্ট্রেপটোকক্কাস নিউমোনি, স্ট্রেপটোকক্কাস অরিয়াস, হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা, হেমোফিলাস প্যারাইনফ্লুয়েঞ্জা, ক্লেবসিয়েলা নিউমোনি, ই. কোলাই, এন্টারোব্যাক্টর অ্যারুজিনেস, প্রোটিয়াস মিরাবিলিস, সেরেটিয়া মার্সেসেন্স* এর দ্বারা সংঘটিত শ্বাসনালীর সংক্রমণ।
- *স্ট্রেপটোকক্কাস নিউমোনি, হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা* (বিটাল্যাকটামেজ উৎপাদনকারী অনুজীব গুলো), *মোরাক্সেলা ক্যাটারালিস* (বিটাল্যাকটামেজ উৎপাদনকারী অনুজীবগুলো) এর দ্বারা সংঘটিত একিউট ওটাইটিস মিডিয়া।
- *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্যাফাইলোকক্কাস ইপিডারমাইডিস, স্ট্রেপটোকক্কাস পায়োজেনেস, স্ট্রেপটোকক্কাস ভাইরিডেনস, ই. কোলাই, এন্টারোব্যাক্টর ক্লোয়েস, ক্লেবসিয়েলা অক্সিটোকা, ক্লেবসিয়েলা নিউমোনি, প্রোটিয়াস মিরাবেলিস, মরগানেলা মরগানি, সিউডোমোনাস অ্যারুজিনোসা, সেরাটিয়া মারসিসেনেস, এসিনোব্যাক্টার ক্যালকোয়েসিটিকাস, ব্যাকটেরয়েড ফ্র্যাজাইলিস, পেপ্টোস্ট্রেপটোকক্কাস* প্রজাতি দ্বারা সংঘটিত স্কিন ও স্কিন স্ট্রাকচার এর সংক্রমন।
- *ই. কোলাই, প্রোটিয়াস মিরাবেলিস, প্রোটিয়াস ভালগারিস, মরগানেলা মরগানি, ক্লেবসিয়েলা* নিউমোনি দ্বারা সংঘটিত মূত্রনালী সংক্রমন।
- *নেইসেরিয়া গনোরি* (পেনিসিলিনেজ ও নন-পেনিসিলিনেজ প্রস্তুতকারী সদস্যসহ) দ্বারা সংঘটিত গনোরিয়া এবং *ফ্যারেঞ্জিয়াল* গনোরিয়া সংক্রমন।
- *নেইসেরিয়া গনোরি* দ্বারা সংঘটিত 'পেলভিক ইনফ্লেমেটরি ডিজিজ'।
- *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, ই. কোলাই, হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা, ক্লেবসিয়েলা* নিউমোনি দ্বারা সংঘটিত রক্তের সংক্রমন (ব্যাকটেরিয়াল সেপটিসেমিয়া)।
- *স্ট্যাফাইলোকক্কাস অরিয়াস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি, ই. কোলাই, প্রোটিয়াস মিরাবেলিস, ক্লেবসিয়েলা নিউমোনি, এন্টারোব্যাক্টর* প্রজাতি দ্বারা সংঘঠিত হাড় এবং জয়েন্টে সংক্রমণ।
- *ই. কোলাই, ক্লেবসিয়েলা নিউমোনি, ব্যাকটেরয়েড ফ্র্যাজাইলিস, ক্লোসট্রেডিয়াম* প্রজাতি এবং *পেপ্টোস্ট্রেপটোকক্কাস* প্রজাতি দ্বারা সংঘটিত ইন্ট্রা-এবডোমিনাল ইনফেকশন ঘটায়।
- *হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জি, নেইসেরিয়া মেনিনজাইটিডিস, স্ট্রেপটোকক্কাস নিউমোনি* দ্বারা সংঘঠিত মেনিনজাইটিস ঘটায়। সেফট্রিয়াক্সোন কিছু কিছু *স্ট্যাফাইলোকক্কাস* এপিডারমাইডিস এবং ই. কোলাই দ্বারা সংঘঠিত মেনিনজাইটিস এবং 'সান্ট ইনফেকশন' এর ক্ষেত্রে কার্যকরী। সেফট্রিয়াক্সোন অস্ত্রোপচারকালীন সংক্রমন প্রতিরোধে কার্যকরী।

প্রয়োগমাত্রা ও প্রয়োগবিধিঃ

সেফট্রিয়াক্সোন এর প্রয়োগ অব্যাহত রাখতে, প্রথম ডোজ এর সহনশীলতা অবশ্যই পর্যবেক্ষণ করা উচিত এবং সেফট্রিয়াক্সোন ইন্‌জেকশনটি দুই থেকে চার মিনিট ধরে ধীরে ধীরে প্রয়োগ করা উচিত।

ট্রাক্সেফ শিরাপথ এবং মাংশপেশী উভয় জায়গায় ব্যবহারযোগ্য।

প্রাপ্তবয়স্কঃ প্রাপ্তবয়স্কদের জন্য সাধারণ দৈনিক ডোজ ১ থেকে ২ গ্রাম যা সংক্রমণের ধরণ এবং তীব্রতার উপর নির্ভর করে দিনে একবার (বা দিনে দুইবার সমানভাবে বিভক্ত ডোজ) দেওয়া হয়। মোট দৈনিক ডোজ কোন ভাবেই ৪ গ্রাম এর থেকে বেশি হওয়া উচিত নয়। গনোকক্কাল সংক্রমণের চিকিৎসার জন্য ২৫০ মিগ্রা ডোজ মাংশপেশীতে দেওয়া বাঞ্ছনীয়। সার্জিক্যাল প্রোফাইল্যাক্সিসের জন্য ১ গ্রাম, একক ডোজ শিরাপথে অস্ত্রোপচারের আধা ঘন্টা থেকে ২ ঘন্টা আগে ব্যবহার করতে হবে।

নবজাতক এবং শিশুঃ স্কিন এন্ড স্কিন স্ট্রাকচার সংক্রমণের চিকিৎসার জন্য, প্রস্তাবিত দৈনিক ডোজ ৫০ থেকে ৭৫ মিগ্রা/কেজি দিনে একবার (বা দিনে দুই বার সমানভাবে বিভক্ত ডোজ) দেওয়া হয়। মোট দৈনিক ডোজ কোন ভাবেই ২ গ্রাম এর থেকে বেশি হওয়া উচিত নয়। একিউট ব্যাকটেরিয়াল ওটাইটিস মিডিয়া চিকিৎসার ক্ষেত্রে প্রস্তাবিত দৈনিক ডোজ ৫০ মিগ্রা/কেজি এক্ষেত্রে মোট দৈনিক ডোজ কোন ভাবেই ১ গ্রাম এর থেকে বেশি হওয়া উচিত নয়।

মেনিনজাইটিস ব্যতীত গুরুতর বিবিধ সংক্রমণের চিকিৎসার জন্য, প্রস্তাবিত মোট দৈনিক ডোজ ৫০ থেকে ৭৫ মিগ্রা/কেজি যা প্রতি ১২ ঘন্টা পর পর বিভক্ত মাত্রায় দিতে হবে। মোট দৈনিক ডোজ কোন ভাবেই ২ গ্রাম এর থেকে বেশি হওয়া উচিত নয়।

মেনিনজাইটিসের চিকিৎসার ক্ষেত্রে এটির প্রাথমিক থ্যারাপিউটিক ডোজটি ১০০ মিগ্রা/কেজি হতে হবে (৪ গ্রাম এর বেশি নয়)। তারপরে, মোট ১০০ মিগ্রা/কেজি (৪ গ্রাম এর বেশি নয়) ডোজ দিতে হবে। প্রতিদিনের ডোজটি একবারে বা প্রতি ১২ ঘন্টা পর পর সমানভাবে বিভক্ত ডোজ আকারে দেওয়া যেতে পারে। চিকিৎসার স্বাভাবিক সময়কাল ৭ থেকে ১৪ দিন।

সাধারণত, সংক্রমণের উপসর্গ এবং লক্ষণগুলি অদৃশ্য হওয়ার পরে কমপক্ষে ২ দিন পর্যন্ত ট্রাক্সেফ (সেফট্রিয়াক্সোন) থেরাপি চালিয়ে যাওয়া উচিত। চিকিৎসার স্বাভাবিক সময়কাল ৪ থেকে ১৪ দিন, কিন্তু জটিল সংক্রমণের ক্ষেত্রে চিকিৎসা দীর্ঘ সময় প্রয়োজন হতে পারে।

স্ট্রেপটোকক্কাস পায়োজেনেস দ্বারা সংক্রমনের চিকিৎসা কমপক্ষে ১০ দিনের জন্য চালিয়ে যাওয়া উচিত।

রেনাল বা হেপাটিক ফাংশনের দূর্বল রোগীদের জন্য কোন ডোজ সমন্বয় করার প্রয়োজন নেই; তবে রেনাল ইমপেয়ার্ড (যেমন ডায়ালাইসিস রোগীদের) রোগীদের বা রেনাল এবং হেপাটিক ডিসফাংশন রোগীদের ক্ষেত্রে রক্তের স্তর অবশ্যই পর্যবেক্ষণ করা উচিত।

প্রস্তুতের নিয়মাবলী

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ২৫০ মিগ্রা ভায়ালে ২ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড বিপি ১% ইন্‌জেকশন যোগ করুন এবং পাউডারগুলো ঠিক মতো দ্রবীভূত না হওয়া পর্যন্ত ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন।

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ২৫০ মিগ্রা ভায়ালে ৫ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন যোগ করুন এবং ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন যাতে পাউডারগুলো ভালোভাবে দ্রবীভূত হয়।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ৫০০ মিগ্রা ভায়ালে ২ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড বিপি ১% ইন্‌জেকশন যোগ করুন এবং পাউডারগুলো ঠিক মতো দ্রবীভূত না হওয়া পর্যন্ত ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ৫০০ মিগ্রা ভায়ালে ৫ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন যোগ করুন এবং ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন যাতে পাউডারগুলো ভালোভাবে দ্রবীভূত হয়।

ট্রাক্সেফ ১ গ্রাম আইএম ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ১ গ্রাম ভায়ালে ৩.৫ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড বিপি ১% ইন্‌জেকশন যোগ করুন এবং পাউডারগুলো ঠিক মতো দ্রবীভূত না হওয়া পর্যন্ত ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন।

ট্রাক্সেফ ১ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ১ গ্রাম ভায়ালে ১০ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন যোগ করুন এবং ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন যাতে পাউডারগুলো ভালোভাবে দ্রবীভূত হয়।

ট্রাক্সেফ ২ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ ট্রাক্সেফ ২ গ্রাম ভায়ালে ২০ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন যোগ করুন এবং ভায়ালটি ভালোভাবে ঝাঁকাতে থাকুন যাতে পাউডারগুলো ভালোভাবে দ্রবীভূত হয়।

প্রতিনির্দেশনা

ট্রাক্সেফ সেফট্রিয়াক্সোন বা অন্য কোন সেফালোসপোরিন অথবা পেনিসিলিন এন্টিবায়োটিকের প্রতি সংবেদনশীল রোগীদের ক্ষেত্রে প্রয়োগ করা উচিৎ নয়। এসকল ক্ষেত্রে এলার্জিজনিত সমস্যা হতে পারে।

সতর্কতা

সেফট্রিয়াক্সোন গ্যাস্ট্রোইনটেস্টিনাল রোগ, বিশেষত কোলাইটিস এর ইতিহাস আছে এমন রোগীদের প্রয়োগের ক্ষেত্রে বিশেষ সতর্কতার সাথে ব্যবহার করা উচিত।

পার্শ্ব প্রতিক্রিয়াঃ

সেফট্রিয়াক্সোন সাধারনত সুসহনীয়। তবে বমি বমি ভাব, বমি, ডায়রিয়া, মাথা ঘোরা, খিঁচুনি এবং জ্বরসহ কয়েকটি পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে।

গর্ভাবস্থায় ব্যবহার

প্রেগনেন্সি ক্যাটাগরি 'বি'। মানুষের ডোজ থেকে ২০ গুন বেশি মাত্রায় প্রয়োগের পরও ইঁদুরের প্রজননের উপর স্ট্যাডি করে দেখা গেছে সেফট্রিয়াক্সোন এর ফলে কোন এমব্রায়োটক্সিসিটি, ফিটোটক্সিসিটি এবং টেরাটোটোক্সিসিটির কোনও প্রমাণ পাওয়া যায়নি।

স্তন্যদানকালে ব্যবহার

যেহেতু মাতৃদুগ্ধে সেফট্রিয়াক্সোন অল্পমাত্রায় নিঃসৃত হয়, সুতরাং স্তন্যদানকারী মায়েদের ক্ষেত্রে সেফট্রিয়াক্সোন সাবধানতা ও সতর্কতার সাথে ব্যবহার করা উচিৎ।

মাত্রাধিক্য

কোন নির্দিষ্ট প্রতিষেধক নেই, তাই লক্ষণ এর উপর ভিত্তি করে চিকিৎসা করা উচিত।

সংরক্ষণ

আলো থেকে দূরে, ঠান্ডা এবং শুকনো জায়গায় সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

সংরক্ষণের জন্য দিকনির্দেশনা

তৈরিকৃত সলিউশন সাথে সাথে ব্যবহার করা উচিৎ। তৈরিকৃত সলিউশন কক্ষ তাপমাত্রায় ৬ ঘন্টা এবং রেফ্রিজারেটরে ৫°সে তাপমাত্রায় সংরক্ষন করা হলে তা ২৪ ঘন্টা কার্যকারিতা প্রদর্শন করে। অন্যথায় সলিউশনের রং হলুদাভ থেকে লালচে বর্ন ধারন করবে।

সরবরাহ

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ২৫০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ২ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড ১% ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ৫ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বেবি নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ২৫০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ২৫০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ৫ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ৫ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বেবি নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ৫০০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ২ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড ১% ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ৫ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বেবি নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ৫০০ মিগ্রা আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ৫০০ মিগ্রা সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ৫ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ৫ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বেবি নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ১ গ্রাম আইএম ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ৩.৫ মিলি লিডোকেইন হাইড্রোক্লোরাইড ১% ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ৫ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বেবি নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ১ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ১ গ্রাম সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ১টি ১০ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ১০ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বাটারফ্লাই নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

ট্রাক্সেফ ২ গ্রাম আইভি ইন্‌জেকশনঃ প্রতিটি কম্বিপ্যাকে আছে ২ গ্রাম সেফট্রিয়াক্সোন এর ১টি ভায়াল, ২টি ১০ মিলি স্টেরাইল ওয়াটার ফর ইন্‌জেকশন এবং একটি পাউচ প্যাক যাতে আছে ১টি ২০ মিলি ডিসপোজিবল সিরিঞ্জ, ১টি বাটারফ্লাই নিড্‌ল, ১টি অ্যালকোহল প্যাড এবং ১টি ফার্স্ট এইড ব্যান্ড।

প্রস্তুতকারক
বীকন সেফালোসপোরিন লিমিটেড
ভালুকা, ময়মনসিংহ, বাংলাদেশ